

ডঃ দেবযানী খোপড়াগাড়ের কুটনৈতিক রক্ষাকবচ

রাষ্ট্রসংঘ ও যুক্তরাষ্ট্রের মধ্যেকার সদরদপ্তর চুক্তির ১৫ ধারা অনুযায়ী প্রাপ্ত কুটনৈতিক সুবিধা ও রক্ষাকবচ গত ৮ জানুয়ারি ২০১৪, রাষ্ট্রসংঘের ভারতীয় স্থায়ী দূতাবাসের কাউন্সেলার ডঃ দেবযানী খোপড়াগাড়েকে প্রদান করা হয়েছে। একই সংগে যুক্তরাষ্ট্র সরকার কাউন্সেলার খোপড়াগাড়েকে দেওয়া সেই সব রক্ষাকবচ প্রত্যাহারের জন্য ভারত সরকারের কাছে আজি জানায়।

৯ জানুয়ারি ২০১৪ ভারত সরকার সেই অনুরোধ প্রত্যাখান করে এবং কাউন্সেলার খোপড়াগাড়েকে নয়াদিল্লিতে পররাষ্ট্রমন্ত্রকে স্থানান্তর করে।

ভারতে প্রত্যাবর্তনের সময় দেবযানী খোপড়াগাড়ে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগগুলি সম্পর্কে পুনরায় নিরপরাধী বলে ব্যাকত করেন। এই সময়গুলিতে ভারত সরকার ঐবং বিশেষ করে পররাষ্ট্রমন্ত্রী, ভারতের জনসাধারণ এবং সংবাদ মাধ্যম দৃঢ়তার সংগে নিরন্তর সমর্থন করে যাওয়ায় আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন তিনি।

তিনি প্রত্যয়ের সংগে আশা ব্যাকত করেন, বর্তমান ঘটনাবলীর দরুণ তাঁর পরিবাবের উপর দীর্ঘমেয়াদী কোনো প্রভাব পড়বে না এবং বিশেষ করে তাঁর সন্তান-সন্ততির উপব, যারা যুক্তরাষ্ট্রে রয়ে গিয়েছে।

নয়াদিল্লি

১০ জানুয়ারি ২০১৪